

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫২৭৮(আগরতলা ২৪।০৩)

আগরতলা, ২৪ মার্চ, ২০২৪

বিশিষ্ট সাহিত্যিক শ্যামল চৌধুরীর প্রয়াণে রাজ্যপালের শোক

রাজ্যের বিশিষ্ট সাহিত্যিক শ্যামল চৌধুরীর প্রয়াণে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাগ্নু গভীর শোক প্রকাশ করেছেন এবং তাঁর পরিবার পরিজনদের প্রতি সমবেদনা জানিয়েছেন। প্রয়াত শ্যামল চৌধুরীর আত্মার শান্তি কামনা করে তিনি প্রয়াত শ্যামল চৌধুরীর পরিবার, ঘনিষ্ঠ আত্মীয়স্বজন ও বন্ধুবান্ধবগণ এই অপূরণীয় ক্ষতি যাতে সামলে উঠতে পারেন সেজন্য ভগবানের কাছে প্রার্থনা করেছেন।

রাজ্যপাল শোকবার্তায় বলেছেন, ‘পরিবহণ, পর্যটন, খাদ্য, জনসংভরণ ও ক্রেতা স্বার্থ বিষয়ক দপ্তরের মন্ত্রী সুশান্ত চৌধুরীর পিতা শ্যামল চৌধুরী চিকিৎসাধীন অবস্থায় আগরতলার একটি বেসরকারি হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন। শ্যামল চৌধুরী একজন প্রখ্যাত লেখক, সাহিত্যিক ছিলেন যাকে বাংলাদেশ সরকার ‘মুক্তিযোদ্ধা মৈত্রী’ সম্মানে ভূষিত করেছিল। শিক্ষা, সংস্কৃতি এবং ঐতিহ্যের ক্ষেত্রে বিশেষ অবদানের জন্যে বিশেষ সাহিত্য সংস্কৃতি পুরস্কার সহ বিভিন্ন সময়ে তিনি বিভিন্ন পুরস্কারে সম্মানিত হয়েছেন।
